গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.minland.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক ও ফলো-আপ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ০৩ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১০:০০ টা
স্থান : সচিব, ভূমি মন্ত্রণালয়ের দপ্তর
সভাপতি : জনাব মো: মাকছুদুর রহমান পাটওয়ারী, সচিব, ভূমি মন্ত্রণালয়।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক"

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি উপস্থিত সকলকে স্বাগত জানান। আগামী ১৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ শনিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের গৃহীতব্য কর্মসূচি প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৮৬ নম্বর স্মারকপত্র সম্বলিত কার্যবিবরণীটি সভায় পাঠ করে শুনানো হয়। জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে ভূমি মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের জন্য প্রস্তাবিত কর্মসূচির বিষয়ে তিনি আলোচনার সূত্রপাত করেন। অদ্য প্রস্তুতিমূলক ও ফলো-আপ সভায় উপস্থিত সদস্যগণকে এ বিষয়ে মতামত দেওয়ার জন্য তিনি অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগণ আগামী ১৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ শনিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর মতামত ব্যক্ত করেন।

২। সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত ভূমি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	১৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ শনিবার ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/বোর্ড/সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না এবং মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করতে হবে।	১। ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ সংস্থা এবং তাদের অধীনস্থ দপ্তরসমূহ এবং ২। সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ।
২.২	মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের মাসব্যাপী কালো-ব্যাজ ধারণ।	ভূমি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।
২.৩	সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে (যদি থাকে) সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	ভূমি রেকর্ড ও জরীপ অধিদপ্তর/ সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন মসজিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
২.৪	জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সংযুক্ত থেকে জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও মাঠ প্রশাসনের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ।	সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।

[চলমান পাতা-২]

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৫	মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিতব্য ও সুবিধাজনক সময়ে জাতীয় শোক দিবস ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ সংস্থাসমূহও অনুরূপ কর্মসূচি পালন করবে।	ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ সংস্থার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।
২.৬	জাতীয় শোক দিবসের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও শোককে শক্তিতে রূপান্তরের উদ্দেশ্যে প্রাত্যহিক কার্যক্রম অপেক্ষা আগস্ট মাসব্যাপী আরও অধিক পরিমাণ কার্যসম্পাদন, পেন্ডিং কাজ নিষ্পত্তিকরণ ও অধিক দায়িত্বশীলতা প্রদর্শন।	ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ সংস্থার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

৩। সভাপতি জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মো: মাকছুদুর রহমান পাটওয়ারী)
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৩৫.৬৮.১১৬.১৬-৯৭১

তারিখ: ০৫ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধামন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব ..... (সকল), ভূমি মন্ত্রণালয়।
৫। যুগ্ম সচিব ..... (সকল), ভূমি মন্ত্রণালয়।
৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক (ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটিশন প্রকল্প), ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৯। উপসচিব..... (সকল)/উপপ্রধান, ভূমি মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/ সহকারী সচিব/সহকারী প্রধান.....(সকল),ভূমি মন্ত্রণালয়।
১২। সহকারী কমিশনার (ভূমি) .....(সকল)।
১৩। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১ পুরানা পল্টন, ঢাকা।
১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
১৬। মাষ্টার কপি।
১৭। অফিস কপি।

০৫/০৮/২০২০
(সঞ্জীব কুমার দেবনাথ)
উপসচিব (প্রশাসন)